

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
প্রবাসী কল্যাণ ভবন  
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইফ্রাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০  
কর্মসংস্থান শাখা-১

[www.probashi.gov.bd](http://www.probashi.gov.bd)

নং-৪৯.০০.০০৭.৬১২.০০.০১.৩১৬.২০১১

তারিখ : ১০-০৫-২০১৮ খ্রিঃ

বিষয়ঃ সৌদি আরবে ৪৫০ (চারশত পঁঞ্চাশ) জন পুরুষ কর্মীর নিয়োগানুমতি প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে রিক্রুটিং এজেন্সি ফিউচার ইন্টারন্যাশনাল (আরএল-১১৯৬)-এর আবেদনের প্রেক্ষিতে সৌদি আরবের Initial Saudi Group.এর অধীনে Building Cleaning Worker পদে দুইটি চাহিদাপত্র ও ক্ষমতাপত্রের বিপরীতে মোট ৩০০+১৫০=৪৫০ (চারশত পঁঞ্চাশ) জন পুরুষ কর্মীর নিয়োগানুমতি নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

কোম্পানীর নাম	পদের নাম	কর্মী সংখ্যা	বেতন (মাসিক)	অন্যান্য সুবিধাদি
Initial Saudi Group.	Building Cleaning Worker	৩০০ (তিনশত) জন	৮০০ (সৌদি রিয়াল)	খাবার, বাসস্থান, যাতায়াত, চিকিৎসা, ফ্রি; চুক্তির মেয়াদ- ০৩ বছর, কর্মঘণ্টা-৮ ঘণ্টা।
	Building Cleaning Worker	১৫০ (একশত পঁঞ্চাশ) জন	৮০০ (সৌদি রিয়াল)	বিমান ভাড়া-উভয়পথ ফ্রি; চাকুরির অন্যান্য শর্তাবলী সৌদি আরবের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

মোট ৩০০+১৫০=৪৫০ (চারশত পঁঞ্চাশ) জন

শর্তাবলী :

- প্রতি ফ্লাইটে রিক্রুটিং এজেন্সির একজন প্রতিনিধি কর্মীদের সাথে সৌদি আরবে যাবেন অথবা সংশ্লিষ্ট বিমান বন্দরে কর্মীদের গ্রহণ করার জন্য রিক্রুটিং এজেন্সির একজন প্রতিনিধি আবশ্যিকভাবে উপস্থিত থাকবেন।
- প্রত্যেক গ্রুপে বাংলাদেশের কর্মীরা সৌদি আরবে পৌঁছার পর রিক্রুটিং এজেন্সি অত্র মন্ত্রণালয়, বিএমইটি এবং রিয়াদস্থ বাংলাদেশ দূতাবাসে প্রতিবেদন দাখিল করবে।
- বহির্গমন ছাড়পত্র ইস্যু করার পূর্বে নির্বাচিত প্রত্যেক কর্মীর সাথে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে।
- বহির্গমন ছাড়পত্র প্রদানের পূর্বে বিএমইটিতে মূল চাহিদা পত্র/ক্ষমতা পত্র ও অন্যান্য মূল কাগজপত্র দাখিল করতে হবে। বিএমইটি প্রাসঙ্গিক তথ্যাদি ও কাগজপত্র যাচাইপূর্বক ছাড়পত্র প্রদান করবে।
- কর্মীর ভিসা এবং ফ্লাইট নিশ্চিত হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্সি কর্তৃক অভিবাসন ব্যয় বাবদ ১,৬৫,০০০/- (একলক্ষ পঁয়ষট্টি হাজার) টাকা কর্মীর নিকট হতে চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে গ্রহণ করা যাবে এবং কোনক্রমেই অতিরিক্ত অর্থ গ্রহণ করা যাবে না।
- চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন হলে অথবা কর্মীরা সংশ্লিষ্ট কোম্পানীতে চাকুরী না পেলে অথবা কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা না দেয়া হলে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সিকে কর্মীর থাকা খাওয়ার খরচ ও প্রত্যাভাসন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবে মর্মে ৩০০/=(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।
- চাকুরির শর্তাবলী সৌদি আরবের শ্রম আইনের বিধানের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে।
- এ নিয়োগ সম্পন্ন করে অত্র মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।
- সৌদি ভিসার অনলাইন সিস্টেম (Enjaz II) থেকে হালনাগাদ তথ্য যাচাই করতে হবে।
- বিমান ভাড়াসহ অন্য কোন ফি প্রযোজ্য না হলে তা কর্মীর উপর বর্তাবে না।
- দক্ষতা ভিত্তিক কর্মী প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দক্ষতার বিষয়টি নিশ্চিত হয়ে Smart Card ইস্যু করতে হবে।
- মূল চাহিদাপত্র ও ক্ষমতাপত্রের Attestation-এর বিষয়টি বিএমইটি সতর্কভাবে পরীক্ষা করবে।
- ১ জুলাই ২০১৭ থেকে ডাটাবেজ কার্যকর হওয়ায় ডাটাবেজ থেকে কর্মী নেয়ার বিষয়টি মহাপরিচালক, বিএমইটি নিশ্চিত করবেন।



(মোহাম্মদ শাহীন)

উপসচিব

ফোন : ০২৪-৮৩২২৫১৯

মহাপরিচালক

নং-৪৯.০০.০০০০.০৪৩.১১.০২৭.১৭

তারিখ : ১০-০৫-২০১৮ খ্রিঃ

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

১. যুগ্মসচিব (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. কাউন্সেলর (শ্রম), বাংলাদেশ দূতাবাস/বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, রিয়াদ/জেদ্দা, সৌদি আরব।
৫. অতিরিক্ত সচিব (কর্মসংস্থান) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. স্বত্বাধিকারী, ফিউচার ইন্টারন্যাশনাল, বাড়ী-৪৭, রোড-১৭, বনানী, বা/এ, ঢাকা
৭. অফিস কপি।

✓ সহকারী (প্রশাসনিক কর্মসূচী)



(মোহাম্মদ শাহীন)

উপসচিব

ফোন : ০২৪-৮৩২২৫১৯